তারিখ 04 MAR 2018
পৃষ্ঠা ১ কলাম ১

## মাথায় গুরুতর আঘাত, প্রচুর রক্তক্ষরণ



শনিবার শাবিতে দুর্বৃত্তের হামলায় গুরুতর আহত ড. মুহম্মদ জাফর ইকবালকে দ্রুত সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয় ■ ইউসুফ আলী

# ড. জাফর ইকবালের প্রাণনাশের চেষ্টা

### এয়ার অ্যাম্বুলেন্সে সিলেট থেকে ঢাকায় এনে সিএমএইচে ভর্তি
### দেশজুড়ে নিন্দা প্রতিবাদ

■ চয়ন চৌধুরী, মুকিত রহমানী, ফয়সাল আহমেদ বাবলু ও তন্ময় মোদক, *সিলেট*

বারবার জঙ্গিদের নিশানায় ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক ও জনপ্রিয় লেখক ড. মুহম্মদ জাফর ইকবাল। তাকে হত্যা করতে বিভিন্ন সময় নানাভাবে হুমকিও দেওয়া হয়েছিল। শেষ পর্যন্ত জাফর ইকবালকে তার নিজ ক্যাম্পাসেই প্রাণনাশের চেষ্টা করা হলো। গতকাল শনিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে এক অনুষ্ঠানে পুলিশ ও শিক্ষার্থীদের উপস্থিতিতে অতর্কিতে তার মাথার পেছনে ছুরিকাঘাত করে এক যুবক। পুলিশ এখনও শতভাগ নিশ্চিত নয় হামলাকারী জঙ্গি কি-না। তবে তারা ধারণা করছেন, এ হামলার পেছনে কোনো জঙ্গিগোষ্ঠী বা হামলাকারী 'সেলফ রেডিকালাইজড'।

হামলার পরই অধ্যাপক জাফর ইকবালকে দ্রুত সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৪ ● আরও খবর ও ছবি : পৃষ্ঠা-২

## কে এই হামলাকারী



আটক ফয়জুর রহমান

■ সাহাদাত হোসেন পরশ

জনপ্রিয় লেখক ড. মুহম্মদ জাফর ইকবালের ওপর হামলার কিছু সময় আগেই মঞ্চে এক যুবককে তার পেছনে দাঁড়িয়ে থাকতে দেখা গেছে। পরনে কালো টি-শার্ট ও প্যান্ট। ফেসবুকে ভাইরাল হওয়া ছবিতে দেখা যায়, হামলাকারী জাফর ইকবালের দিকে শ্যেনদৃষ্টিতে তাকিয়ে রয়েছে। ওই যুবকের পাশে সন্দেহভাজন আরেক যুবককেও অবস্থান করতে দেখা গেছে। হামলার সময় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে 'ইইই ফেস্টিভ্যালে' বৃষ্টির কারণে কয়েক মিনিটের বিরতি দেওয়া হয়। হামলাকারী ওই সময়টিই বেছে নেয়। ছুরি নিয়ে জাফর ইকবালের ■ পৃষ্ঠা ১৭ : কলাম ১